গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

**বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ.বি.এম রুহুল আজাদ<br>সচিব (দায়িত্বপ্রাপ্ত) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ | : | ১৫ এপ্রিল, ২০১৮ |
| সময় | : | সকাল-১১:০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (যুব-২) গত ১৪-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন, শুদ্ধাচার একটি গুরুত্বপূর্ণ বিষয়। মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থার সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য নৈতিকতার চর্চা অব্যাহত রাখতে হবে। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহকে ইতোপূর্বে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সর্বাধিক গুরুত্ব সহকারে বাস্তবায়ন করতে হবে। তিনি ১৪-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। যুগ্মসচিব (যুব-২) প্রথমে মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এর তৃতীয় ত্রৈমাসিক (জানুয়ারী-মার্চ/২০১৮) প্রতিবেদন উপস্থাপন করেন। অত:পর মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিগণ নিজ নিজ সংস্থার তৃতীয় ত্রৈমাসিক (জানুয়ারী-মার্চ/২০১৮) প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

০২। তৃতীয় প্রান্তিকের প্রতিবেদন উপস্থাপনকালে যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা) জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরে ই-জিপিতে ক্রয় কার্যক্রম শুরু করা হয়েছে। এছাড়া, জেলা পর্যায়ের কার্যালয়ের সাথে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হচ্ছে। জাতীয় ক্রীড়া পরিষদের পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদের অবকাঠামোগত সমস্যা থাকায় বর্তমানে স্কাইপি-তে ভিডিও কনফারেন্সের কার্যক্রম চালানো হচ্ছে। ক্রীড়া পরিদপ্তরের পরিচালক জানান যে, ক্রীড়া পরিদপ্তরে ইতোমধ্যে গণশুনানী অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) জানান যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ই-জিপিতে ক্রয় কার্যক্রমের বিষয়ে সকল প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন করেছে। বর্তমানে ই-জিপিতে দরপত্র আহবান অপেক্ষাধীন রয়েছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) মন্ত্রণালয়সহ দপ্তর/সংস্থাসমূহকে ই-জিপিতে ১০০% ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। এছাড়া ৪র্থ প্রান্তিকে (এপ্রিল-জুন/২০১৮)শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জরুরিভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(খ) সকল দপ্তর/সংস্থার প্রধানগণ মাঠ পর্যায়ের কার্যালয়ের সাথে ভিডিও কনফারেন্স এবং মাঠ পর্যায়ে পরিদর্শনকালে গণশুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত রাখবেন।

(গ) ভিডিও কনফারেন্স আয়োজনের জন্য সকল দপ্তর/সংস্থা প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহের পদক্ষেপ গ্রহণ করবে।

(ঘ) মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থাকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০১৭-২০১৮ এ অডিট আপত্তি নিষ্পত্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

চলমান পাতা-২/

(ঙ) মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থাসমূহ আগামী ৩ জুলাই/২০১৮ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০১৮) প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

(চ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এর তৃতীয় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০১৮) প্রতিবেদন জরুরিভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখঃ ১৭-০৪-২০১৮

(এ.বি.এম রুহুল আজাদ)
সচিব (দায়িত্বপ্রাপ্ত)
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

০৫-০১-১৪২৫ বঙ্গাব্দ
নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭-১৫৬ তারিখঃ--------------------
১৮-০৪-২০১৮ খ্রিষ্টাব্দ

গত ১৫-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ''নৈতিকতা কমিটি''র্ সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

১৮/৪/১৮

(মোঃ আলী হায়দার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৫৬১

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার অধিশাখা)।
২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
২। যুগ্ম-সচিব (প্রশাসন)/(বাজেট)/(সমন্বয়)/(যুব-১)/(যুব-২)/(ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৭। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।

নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭-১৫৬ তারিখঃ ১৮-০৪-২০১৮ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ আলী হায়দার)
সিনিয়র সহকারী সচিব